

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপ-পরিচালকের কার্যালয়  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স  
সিলেট বিভাগ, সিলেট।  
ddsyl@fireservice.gov.bd

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর প্রদত্ত ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন, বিভিন্ন সেবা প্রদান এবং বিবিধ বিষয়ে অধিনস্থ কার্যালয়সমূহের কর্মকর্তাসহ জুম প্ল্যাটফর্মে উপ সহকারী পরিচালকগণদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ মনিরুজ্জামান, উপপরিচালক।  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট বিভাগ, সিলেট।  
সভার তারিখ ও সময় : ২০/০৯/২০২২ খ্রিঃ ও ০৯:০০ ঘটিকা।  
স্থান : উপ পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট এর সম্মেলন কক্ষ।  
সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা : পরিশিষ্ট- 'ক'।

সভার শুরুতেই পবিত্র কোরআন তেলাওয়াত এবং পবিত্র গীতা পাঠ ও পরিচয় পর্ব শেষে সভাপতি জনাব মোঃ মনিরুজ্জামান উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। উপস্থিত সকলের সাথে কুশল বিনিময়ের পর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর প্রদত্ত ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন, বিভাগের আওতাধীন সকল ফায়ার স্টেশন/দপ্তরের জমির নামজারি, মহড়া কার্যক্রম, নিয়মিত পিটি ক্লাশ পরিচালনা, বিভিন্ন সেবা প্রদান এবং বিবিধ বিষয়ে বিস্তারিত আলোচনা পেশ করেন। বক্তব্যের শুরুতেই তিনি বলেন মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক আগামী ০৫/১০/২০২২ খ্রি: তারিখের মধ্যে সিলেট বিভাগের সকল জমির নামজারি সংক্রান্ত কার্যক্রম সম্পাদন করে প্রতিবেদন প্রেরণ করতে হবে। মহড়া পরিচালনার ক্ষেত্রে মহড়ার অনুষ্ঠানের পূর্বেই বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষের মাধ্যমে অধিদপ্তরকে অবহিত করতে হবে। সকল ফায়ার স্টেশনে নিয়মিত পিটি ক্লাশ করতে হবে। আসন্ন শারদীয় দুর্গাপূজা সুষ্ঠু ও সুন্দরভাবে উদযাপন করার নিমিত্তে ফায়ার স্টেশনের আওতাধীন এলাকার সকল পূজা মন্ডপের তালিকা ও পূজা কমিটির মোবাইল নাম্বার সংগ্রহ করে সংরক্ষণ করতে হবে এবং সকল পূজা মন্ডপের কমিটিকে পূজা মন্ডপে ফায়ার এক্সটিংগুইসার রাখার পরামর্শ প্রদান করতে হবে।

গাড়ি রেজিস্ট্রেশন বিষয়ে তিনি বলেন, অত্র বিভাগের সকল ফায়ার স্টেশনের গাড়ির রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। নতুন গাড়ির রেজিস্ট্রেশন এর জন্য কোন চাহিদা থাকলে দ্রুত প্রেরণ করার জন্য বলেন। উপ সহকারী পরিচালকগণদের উদ্দেশ্যে বলেন নির্মাণাধীন ফায়ার স্টেশন বিশেষ করে যে সকল ফায়ার স্টেশন উন্মোচনের অপেক্ষায় আছে সে সকল ফায়ার স্টেশন গুলোর কোন ত্রুটি থাকলে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ বরাবর পত্র প্রেরণ করে সংশ্লিষ্ট সকলকে অবগত করতে হবে। নিয়মিত প্রশিক্ষণ, টপোগ্রাফি ও সার্ভে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। তাছাড়া অধিদপ্তরের বিভিন্ন দিক নির্দেশনা প্রতিপালনসহ সকলের সুরক্ষা নিশ্চিত কল্পে এ অনুষ্ঠানে অংশগ্রহণকারী সকলকে নিজ নিজ অবস্থান থেকে অপিত দায়িত্ব যথাযথ পালন করার আহবান জানান।

বর্তমান বৈশ্বিক সংকট ও রাশিয়া-ইউক্রেন যুদ্ধের কারণে বিশ্বব্যাপী জ্বালানী সংকটের কারণে জ্বালানী সাশ্রয় করতে হবে। বিদ্যমান পরিস্থিতিতে সামগ্রিক অর্থে ব্যয়-সাশ্রয় ও কৃচ্ছতা সাধনে সরকারের নির্দেশনাসমূহ অনুপূর্ণ পরিপালনপূর্বক সামষ্টিক উদ্যোগে যথাযথ পরিকল্পনা প্রণয়ন করে কাযকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। পরিশেষে সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ

মোঃ মনিরুজ্জামান  
উপপরিচালক

ফোন-০২৯৯৬৬৪৩৩৯২।

স্মারক নং-৫৮.০৩.৬০০০.০০৩.৯৯.১২৬.১৫-

২৪৯৮(৪৭)

তারিখঃ ০৫ আশ্বিন' ১৪২৯ বঃ  
২৯ সেপ্টেম্বর' ২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(অপাঃ ও মেইনঃ)/(পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

বিতরণঃ (জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে)

- ৩। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।
- ৪। উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
- ৫। সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, সিলেট/হবিগঞ্জ।
- ৬। ওয়ার হাউজ ইন্সপেক্টর, সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট-১/২/৩/৪/৫/৬।
- ৭। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ..... (সকল)।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট বিভাগ, সিলেট।

মোঃ মনিরুজ্জামান  
উপপরিচালক  
ফোন-০২৯৯৬৬৪৩৩৯২।